

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন-অক্টোবর ২০২৩

১। **সর্বমোট অর্জন।** অক্টোবর ২০২৩ মাসে ৩,৩৮৪টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৩৮০,৯৯,৮৫,১৪৫/০০ (টাকা তিনশত আশি কোটি নিরানব্বই লক্ষ পঁচাত্তর হাজার একশত পঁয়তাল্লিশ মাত্র) অর্থমূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** অক্টোবর ২০২৩ মাসে চোরাচালান অভিযানে মোট ১৮ লক্ষ ৪৯ হাজার ৭৫০ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন (স্টেশন গজারিয়া) কর্তৃক আটককৃত অবৈধ ডিজেল



পূর্ব জোন (বিসিজি বেইস চট্টগ্রাম) কর্তৃক আটককৃত স্ক্যাপ লোহা

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** অক্টোবর ২০২৩ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট টাকা ৩৮০,৩৪,৯৮,৮২৫/০০ (টাকা তিনশত আশি কোটি ত্রিশ লক্ষ আটানব্বই হাজার আটশত পঁচিশ মাত্র) অর্থমূল্যের তন্মধ্যে ৫,২৮,১৫,০১৫ মিটার কারেন্ট জাল, ৫০,২৭৫টি বেহন্দি/মশারি জাল, ১০১,০৮,৪৮,৫০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ৬,৭৬,২১,৫৬৫ পিস চিংড়ি/ফাইসা পোনা এবং ১৬,৯৫০ কেজি জেলি পুশকৃত চিংড়ি আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জেলি পুশকৃত চিংড়ি



ঢাকা জোন (স্টেশন চাঁদপুর) কর্তৃক আটককৃত মা ইলিশ



ঢাকা জোন (স্টেশন পদ্মা) কর্তৃক আটককৃত কারেন্ট জাল



পশ্চিম জোন (স্টেশন নলিয়ান) কর্তৃক আটককৃত অবৈধ চিংড়ি পোনা

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** অক্টোবর ২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ৫,৯৫৮ পিস ইয়াবা, ১৭০ ক্যান/বোতল বিয়ার, ২৪৭ ক্যান হুইস্কি, ক্রিস্টাল মেথ আইস- ০১ কেজি এবং ০৪ কেজি গাঁজা আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত ইয়াবা



পূর্ব জোন (স্টেশন সেন্টমার্টিন্স) কর্তৃক আটককৃত বিয়ার, হুইস্কি, ক্রিস্টাল মেথ আইস

৫। **বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান।** অক্টোবর ২০২৩ মাসে বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে ৩৩ কেজি হরিণের মাংস, ১৫ ঘনফুট সুন্দরী কাঠ এবং ৭৩.১৪ সিএফটি গ্যামারি ও কড়াই কাঠ আটক করা হয় এবং আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (স্টেশন কয়রা) কর্তৃক আটককৃত হরিণের মাংস



পশ্চিম জোন (স্টেশন কয়রা) কর্তৃক আটককৃত সুন্দরী কাঠ

৬। **উদ্ধার অভিযান।** অক্টোবর ২০২৩ মাসে উদ্ধার অভিযান পরিচালনা করে ২০ জন জীবিত যাত্রী/ক্রু এবং ০৪ জন মৃতদেহ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ব্যক্তিদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



চাঁক জোন (স্টেশন গজারিয়া) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ



পশ্চিম জোন (স্টেশন রূপসা) কর্তৃক উদ্ধারকৃত ক্রু

৭। ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা এবং বাংলা দা উদ্ধার। অক্টোবর ২০২৩ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা ০২টি অস্ত্র, ০২টি রামদা/ছুরি এবং ১১ জন ডাকাত/বনদস্যু/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়। আটককৃত ব্যক্তিদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (স্টেশন রূপসা) কর্তৃক আটককৃত অস্ত্র